৩/৫/২০০১

তারিখ ............

পৃঃ ৭ কলাম ৭......

দৈনিক জনকণ্ঠ

# যশোর শিক্ষা বোর্ড ॥ নকল করায় মাধ্যমিক পরীক্ষা ২০০১-এর ৫ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশ

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের অধীন ২০০১ সালের মাধ্যমিক পরীক্ষায় নকল ও অন্যান্য অসদুপায় অবলম্বনের জন্য প্রায় ৫ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার জন্য সুপারিশ করা হয়েছে। পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত পরিদর্শক টিম এ ব্যাপারে শিক্ষা বোর্ডে তাদের রিপোর্ট জমা দিয়েছে।

**এ ব্যাপারে শিক্ষা বোর্ডে রিপোর্ট জমা দিয়েছে**

অন্যদিকে গত ২০০০ সালে এইচএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য প্রায় সাড়ে পাঁচ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। যশোর শিক্ষা বোর্ডের একটি দায়িত্বশীল সূত্র জানায়, গত এসএসসি পরীক্ষায় যেসব পরীক্ষার্থীর বিরুদ্ধে অসদুপায় অবলম্বনের অভিযোগ আনা হয়েছে তাদের উত্তরপত্রসমূহ পরীক্ষা-নিরীক্ষার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের দাখিলকৃত গোপন প্রতিবেদন ও কাগজপত্র বোর্ডের শৃঙ্খলা কমিটির কাছে জমা দেয়া হয়েছে। কমিটি আগামী মাসের প্রথম সপ্তাহে নিরীক্ষা ও যাচাই বাছাই করে তাদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। কমিটির একজন সদস্য জানান, প্রায় ৫ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে রিপোর্ট জমা হয়েছে। অপরাধ বিবেচনা করে তাদেরকে এক বছর থেকে সর্বোচ্চ তিন বছর পর্যন্ত ঐ পরীক্ষায় আর অংশগ্রহণ করতে দেয়া হবে না। এ ছাড়া শিক্ষা বোর্ড কর্তৃক বিভিন্ন কেন্দ্রে পরিদর্শক টিম কুষ্টিয়ার আটটি পরীক্ষা কেন্দ্রে ব্যাপক নকল হয়েছে এবং পরীক্ষা চলাকালে এসব কেন্দ্রের জোরদার নিরাপত্তা ব্যবস্থা ছিল না বলে শিক্ষা বোর্ডে তাদের রিপোর্ট জমা দিয়েছে। এই আটটি কেন্দ্র হলো কুষ্টিয়া সদর, খাসমথুরাপুর, আমলা, দৌলতপুর, ফিলিপনগর, মীরপুর, ভেড়ামারা, বড়গাংদিয়া। পরীক্ষা চলাকালে পরিদর্শক টিম এসব কেন্দ্র থেকে বস্তা বস্তা নকল উদ্ধার করে। কয়েকটি কেন্দ্রে হাজার হাজার বাইরের লোক এসে জড়ো হয় নকল সরবরাহ করার জন্য বলেও ১৬ শিক্ষকের সমন্বয়ে গঠিত এই টিম তাদের রিপোর্টে উল্লেখ করেছে।